৬

তারিখ ... 29 MAY 1993 ...
পৃষ্ঠা ... ৬ ... কলাম ... ১ ...

আজকের কাগজ

# ইসলামী বিশ্ববিদ্যালয়ে এবার শিবিরের টার্গেট প্রগতিশীল শিক্ষক

**শাহ্ আরিফ নিশির/ আব্বাস উদ্দিন :** ইসলামী বিশ্ববিদ্যালয়ে জামাত-শিবিরের টার্গেট এখন প্রগতিশীল শিক্ষকদের ক্যাম্পাস থেকে বিতাড়িত করা। সে প্রক্রিয়া তারা ইতিমধ্যে শুরু করেছে। বর্তমানে এ বিশ্ববিদ্যালয়ে যে কয়েকজন প্রগতিশীল শিক্ষক রয়েছেন তাদের মধ্যে অন্যতম অর্থনীতি বিভাগের প্রভাষক ও আজকের কাগজের বিশিষ্ট কলাম লেখক মুঈদ রহমান। তিনি দীর্ঘদিন ধরে জাতীয় পত্র-পত্রিকাসমূহে নিয়মিত কলাম লিখে আসছেন। তিনি তার লেখার মাধ্যমে ধর্মান্ধ প্রতিক্রিয়াশীল চক্রের বিরুদ্ধে ইসলামী বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রীসহ গোটা দেশবাসীকে সজাগ করার চেষ্টা করেন বলেই ধর্মান্ধ জামাত-শিবির চক্র মুঈদ রহমানকে বিশ্ববিদ্যালয় থেকে বিতাড়িত করার অশুভ পাঁয়তারা করছে।

সম্প্রতি ইসলামী বিশ্ববিদ্যালয়ে ছাত্র-ছাত্রীদের প্রচেষ্টায় 'দুপুর রোদের চিৎকার' নামক সংকলনে মুঈদ রহমান একটি প্রবন্ধে ধর্মভিত্তিক শিক্ষা এবং বাস্তবমুখী শিক্ষার তুলনা করেছেন। আর বর্তমানে সে প্রবন্ধকে পুঁজি করেই ইবিতে ধর্মান্ধ জামাত-শিবির চক্র ক্যাম্পাসে ত্রাসের রাজত্ব কায়েম করেছে। জামাত-শিবির মুঈদ রহমানকে 'মুরতাদ' ঘোষণা করে তাকে বিশ্ববিদ্যালয় থেকে অপসারণের দাবিতে নিয়মিত সভা সমাবেশ করে আসছে এবং মুঈদ রহমানসহ অন্যান্য প্রগতিশীল শিক্ষকদের নামে অকথ্য ভাষায় শ্লোগান ব্যবহার করছে। আর শিবিরের সন্ত্রাসী বাহিনী নিয়মিত বিভিন্ন প্রগতিশীল শিক্ষকদেরকে ভয়-ভীতি প্রদর্শন করে আসছে বলে অভিযোগ পাওয়া গেছে।

সূত্র আরো জানিয়েছে, গত দু'টি শিক্ষক সমিতির নির্বাচনে স্বাধীনতা বিরোধী এবং উপাচার্য সমর্থিত প্যানেল পরাজিত এবং মুক্তিযুদ্ধের স্বপক্ষের প্যানেল বিজয়ী হওয়ার পর থেকেই প্রগতিশীল শিক্ষকদের বিরুদ্ধে বিভিন্ন ষড়যন্ত্র শুরু হয়েছে। অভিযোগ উঠেছে মুক্তিযুদ্ধের স্বপক্ষের ছাত্র ও শিক্ষকদের বিশ্ববিদ্যালয় থেকে নিশ্চিহ্ন করে দেয়ার জন্যে জামাত-শিবির সর্বোচ্চ প্রশাসন থেকে সমর্থন পাচ্ছে।

উল্লেখ্য, ছাত্র-শিবিরের সন্ত্রাসীরা দীর্ঘদিন থেকে বিশ্ববিদ্যালয়ে সন্ত্রাসের রাজত্ব কায়েম করে রেখেছে। তাদের ভয়ে সাধারণ ছাত্র-ছাত্রীরা শংকিত। এমনকি বেশ কয়েকবার হল থেকে পালিয়েও গেছে। উক্ত সন্ত্রাসীরা প্রগতিশীল ছাত্র সংগঠনগুলোর সাংগঠনিক কার্যক্রমে বাধা প্রদান করে আসছে। ইতিমধ্যেই ছাত্রলীগ (ম-ই) বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি শাহজাহান আলম সাজুকে অপহরণের চেষ্টা, ছাত্রদল সভাপতি মির্জা ওয়ালিদ শিপনকে হলের ৪ তলা থেকে ফেলে দেয়ার হুমকি, কক্ষ ভাঙচুর এবং মিছিলে হামলা চালিয়েছে। ইবি সর্বদলীয় ছাত্রঐক্য স্বাধীনতা বিরোধীদের চক্রান্ত থেকে প্রখ্যাত কলামিষ্ট মুঈদ রহমানসহ সকল স্বাধীনতার স্বপক্ষীয় শিক্ষক ও ছাত্রদের বিরুদ্ধে ষড়যন্ত্র রুখে দেবার জন্যে ঐক্যবদ্ধ হওয়ার আহবান জানিয়েছে। এদিকে ইবি শিক্ষক সমিতির এক জরুরি সভায় স্বাধীনতা বিরোধী চক্রান্ত এবং কতিপয় মৌলবাদী শিক্ষকের হীন কার্যকলাপ ও প্রগতিশীল শিক্ষকদের হয়রানিমূলক পদক্ষেপের জোর নিন্দা জ্ঞাপন করা হয়। সভায় শিক্ষক মুঈদ রহমানসহ সকল প্রগতিশীল শিক্ষক ও ছাত্র সমাজের বিরুদ্ধে ষড়যন্ত্র রুখে দেয়ার জন্যে সকলকে ঐক্যবদ্ধ হওয়ার আহবান জানানো হয়। এ ব্যাপারে মাননীয় প্রধানমন্ত্রী, শিক্ষামন্ত্রীসহ বিশ্ববিদ্যালয় প্রশাসনের কাছে স্মারকলিপি পেশ করা হয়।